

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ নামায রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মসবৃক (যাদের কিছু নামায ছুটে গেছে তাঁরা) নামাযীর ইক্তিদা করে জামাআত করা কি বৈধ?

কোন কোন নামায়ী মসজিদে এসে দেখে যে, জামাআত শেষ হয়ে গেছে, কিন্তু কিছু মুসবৃক (যাদের কিছু নামায ছুটে গেছে তাঁরা) উঠে একাকী নামায পূর্ণ করছে, তাহলে জামাআতের সওয়াব লাভের আশায় ঐ নামায়ীর কোন এক মসবৃকের ডাইনে তাঁর ইক্তিদা করে নামায পড়া বৈধ। ১৯৩ কিন্তু যেহেতু সঠিক প্রমাণ নেই এবং অনেক এরূপ শুদ্ধ নয় বলেছেন, সেহেতু তা না করাই উত্তম। আর মহানবী (সঃ) বলেন, "যে বিষয়ে সন্দেহ আছে সে বিষয় বর্জন করে তাই কর যাতে সন্দেহ নেই।" ১৯৪ "সুতরাং যে সন্দিহান বিষয়াবলী থেকে দূরে থাকেবে, সে তাঁর দ্বীন ও ইজ্জতকে বাঁচিয়ে নেবে।" ১৯৫ বলা বাহুল্য, অনেকে তা জায়েয় বললেও না করাটাই উত্তম। ১৯৬

ফুটনোট

১৯৩ (ফাতাওয়া ইসলামিয়্যাহ ১/২৬৬), ১৯৪ (তিরমিয়ী ২৫১৮, সহীহ জামে ৩৩৭৮ নং), ১৯৫ (বুখারী ৫২, মুসলিম ১৫৯৯ নং), ১৯৬ (ফাতাওয়া উষাইমীন ১/৩৭১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=147

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন